

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৭৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ হাদীসের যে শব্দরুপ কোন আলিম ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, এই বর্ণনাটি হয়তো সহীহ-মাহফূয ذكْرُ لَفْظَةٍ أَوْهَمَتْ عَالِمًا مِنَ النَّاسِ أَنَّهَا صحيحة محفوظة

আরবী

2476 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ إِسْحَاقَ الْأَصْفَهَانِيُّ بِالْكَرَجِ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ سَعِيدِ الْكِنْدِيُّ حَدَّثَنَا ابن إِدْرِيسَ عَنْ سُهَيْلِ بْنِ أَبِي صَالِحٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِيهِ عَنْ أَبِيهِ عَنْ أَبِيهِ وَاللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ كَانَ مِنْكُمْ مُصَلِّياً بَعْدَ الْجُمُعَةِ فَلْيُصَلِّ أَرْبَعًا فَإِنْ كَانَ لَهُ شُغْلٌ فَرَكْعَتَيْن فِي الْمَسْجِدِ وَرَكْعَتَيْن في البيت)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2476 ا خلاصة حكم المحدث: صحيح دون قوله: ((فإن كان له شغل ...))؛ فإنه مندرج؛ كما في الرواية التالية

বাংলা

২৪৭৬. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "তোমাদের মাঝে যে ব্যক্তি জুমু'আর পর সালাত আদায় করার ইচ্ছা করে, সে যেন চার রাকা'আত সালাত আদায় করে। যদি তার ব্যস্ততা থাকে, তবে সে যেন মাসজিদে দুই রাকা'আত আর বাড়িতে দুই রাকা'আত সালাত আদায় করে।"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৮৮১; মুসানাফ ইবনু আবী শায়বাহ: ২/১৩৩; মুসনাদ আহমাদ: ২/২৪৯; ইবনু মাজাহ: ১১৩; সুনান বাইহাকী: ২/২৩৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন



আলবানী রহিমাহুল্লাহ হাদীসটির "যদি তার ব্যস্ততা থাকে… অংশ বাদে বাকী অংশ সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১০৩৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন